দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 JAN 2018
পৃষ্ঠা … কলাম …

# ইবতেদায়ি শিক্ষকদের অনশন ভঙ্গ

স্টাফ রিপোর্টার ॥ দাবি পূরণে সরকারের আশ্বাস পেয়ে অবশেষে অনশন ভেঙ্গেছেন ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকরা। মঙ্গলবার বেলা ২টার দিকে জাতীয় প্রেসক্লাবের সামনে অনশনস্থলে এসে মাদ্রাসা ও কারিগরি বিভাগের সচিব মোঃ আলমগীর হোসাইন দাবি মেনে নেয়ার আনুষ্ঠানিক ঘোষণা দিয়ে শিক্ষকদের অনশন ভাঙ্গান। এর আগে দুপুরে শিক্ষামন্ত্রী ও প্রতিমন্ত্রীর সঙ্গে বৈঠকে দাবি মেনে নেয়ার আশ্বাসের পর অনশন ভাঙ্গার সিদ্ধান্ত নেন শিক্ষক নেতারা। মাদ্রাসা শিক্ষা

(২ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ইবতেদায়ি শিক্ষকদের

(প্রথম পৃষ্ঠার পর)

বোর্ডের নিবন্ধিত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবিতে গত ১ জানুয়ারি থেকে প্রেসক্লাবের সামনে আন্দোলন করে আসছিলেন শিক্ষকেরা। ১-৮ জানুয়ারি পর্যন্ত সেখানে অবস্থান কর্মসূচী পালন করেন তারা। পরে ৯ জানুয়ারি থেকে তারা আমরণ অনশন শুরু করেন। মঙ্গলবার অষ্টম দিনের মাথায় তারা অনশন ভাঙলেন।